

# বাংলাদেশ একাডেমি ফর সিকিউরিটিজ মার্কেটস

(একাডেমিক উইং অব বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন)

জুলাই, ২০২৩ - মার্চ, ২০২৪ পর্যন্ত সম্পাদিত কার্যক্রম

বাংলাদেশ একাডেমি ফর সিকিউরিটিজ মার্কেটস (বিএসএম)-এর মূল লক্ষ্য হচ্ছেঃ বিদ্যমান ও সম্ভাব্য বিনিয়োগকারী, পুঁজিবাজার সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ তথা সর্বস্তরের জনগণের আর্থিক বিষয়ে জ্ঞান বৃদ্ধির লক্ষ্যে স্বল্প, মধ্যম ও দীর্ঘমেয়াদি উপযুক্ত কর্মসূচি গ্রহণ করা। এছাড়া বিএসএম বিনিয়োগ ও সিকিউরিটিজ মার্কেট সম্পর্কিত প্রশিক্ষণ, সার্টিফিকেট কোর্স, ডিপ্লোমা, পোস্ট গ্রাজুয়েট কোর্স এবং কমিশন কর্তৃক নির্ধারিত অন্যান্য একাডেমিক কার্যক্রম পরিচালনা ও সনদ প্রদান করিতে পারিবে।

জুলাই, ২০২৩ - মার্চ, ২০২৪ পর্যন্ত বিএসএম এর কার্যক্রম নিম্নে উল্লেখ করা হ'লঃ

## ১) বিভিন্ন খরনের মধ্যস্থতাকারীদের জন্য আয়োজিত প্রশিক্ষণ কর্মসূচিসমূহ:

বাজার মধ্যস্থতাকারীদের দক্ষতার উন্নয়নকল্পে বিএসএম জুলাই- ২০২৩ থেকে মার্চ-২০২৪ পর্যন্ত মোট ৪৫২ জন কর্মকর্তাকে নিম্নোক্ত বিষয়গুলোতে প্রশিক্ষণ প্রদান করেছে : Compliance of Securities Market Rules and Regulations (৭৭ জন), Brokerage Operations (১৬ জন), Capital Market Operation (২৭ জন), Corporate Governance and ESG reporting (২৭ জন), FIN-Tech Revolution in Financial Markets (৫০ জন), Training on IAS, IFRS and Financial Reporting (৬৭ জন), Development on Leadership Communication and Negotiation Skills of Executives (৩১ জন), Training for Company Secretary (৭৫ জন), Regulatory Reforms and other Contemporary Issues of Capital Market (৪৭ জন) এবং Financial Literacy Training for School and College Teachers ( ৩৫ জন)।

এছাড়াও ৮ টি Authorized Representatives Training Programe এর মাধ্যমে ১৮৪ জন লাইসেন্স প্রাপ্ত ব্রোকার প্রতিনিধি (Authorized Representatives) দেরকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

## ২। বিভিন্ন খরনের আর্থিক প্রোডাক্ট'র উপর আয়োজিত প্রশিক্ষণ কর্মসূচিসমূহ:

পুঁজিবাজারের বিভিন্ন প্রোডাক্ট সম্পর্কে জ্ঞান বৃদ্ধির লক্ষ্যে উল্লেখিত মেয়াদে ১২৫ জন বাজার মধ্যস্থতাকারীকে Mutual Fund, Commodity Exchange, Fixed Income Securities and Derivatives ইনস্ট্রুমেন্টের উপর প্রশিক্ষণ প্রদান করা হয়।

**৩। বিদ্যমান এবং সম্ভাব্য বিনিয়োগকারীদের জন্য প্রশিক্ষণ কর্মসূচিসমূহ:**

বিনিয়োগকারীদের জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে মোট ১২টি প্রশিক্ষণ কর্মসূচির মাধ্যমে সর্বমোট ২৭৪ জন বিদ্যমান এবং সম্ভাব্য বিনিয়োগকারীদেরকে প্রশিক্ষণ প্রদান করা হয়। এদের মধ্যে Investors' Training Program এ ২১৩ জন, training on Securities Trading and Investment Analysis এ ৬১ জন। এছাড়াও রংপুরে দেশব্যাপি বিনিয়োগ শিক্ষা কার্যক্রম ও বিনিয়োগ শিক্ষা কনফারেন্সের আয়োজন করা হয়। আগামী ৩০ জুন, ২০২৪ এর মধ্যে গোপালগঞ্জ জেলাসহ আরও দুটি জেলা শহরে বিনিয়োগ শিক্ষা কার্যক্রম ও বিনিয়োগ শিক্ষা কনফারেন্স আয়োজনের পরিকল্পনা রয়েছে।

**৪। বিএসএম কর্তৃক আয়োজিত বিভিন্ন সেমিনারসমূহ:**

প্রশিক্ষণ কর্মসূচি ছাড়াও বিএসএম জুলাই-২০২৩ পরবর্তী সময়ে মোট ৪ টি কর্মশালা/সেমিনার আয়োজন করেছে। সেমিনার সমূহের শিরোনাম ছিলঃ Certificates Course on Gender for Development (G4D); Training Program for SEBON Officials; Seminar for Women Entrepreneur; Seminar on Investor Resilience and Capital Market (World Investors' Week). আয়োজিত সেমিনারসমূহে সর্বমোট ৪৭৬ জন অংশগ্রহণ করেছিল।



ড. তৌফিক আহমদ চৌধুরী  
মহাপরিচালক, বিএসএম।